

3/1/20
Seen
20/05/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
দিনাজপুর

মেমো নম্বর : ৩২.০৩.২৭০০.০০১.২৩.০০৩.২৫-৩০(১০০)

তারিখ : ০৮ মে ২০২৫ খ্রি:

বিষয় : মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৫ খ্রি: উদযাপন উপলক্ষ্যে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র : ৫৮.০২.২৭০০.১৬৮.০৫.০০৭.২৫.৩১৪ তারিখ-০৬/০৫/২০২৫খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সর্বিনয়ে জানাচ্ছি যে, “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৫খ্রি: উদযাপন” উপলক্ষে আগামী ২০ মে ২০২৫ খ্রি: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, দিনাজপুর জেলা কার্যালয়ের উদ্যোগে বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুর এর সহযোগিতায় নিম্নোক্ত কর্মসূচির আয়োজন করা হয়েছে।

কর্মসূচি সমূহে আপনার প্রতিষ্ঠানের প্রতিযোগী শিশুদের অংশগ্রহন নিশ্চিত করণসহ সার্বিক সহযোগিতা কামনা করছি।।

রচনা প্রতিযোগিতা

ক্র: নং:	শ্রেণি	২০২৫ সালের জন্য বিষয়বস্তু
১	‘ক’	৬ষ্ঠ, ৭ম, ৮ম শ্রেণীবাসমমানপর্যায়েরছাত্র-ছাত্রীদেরজন্য (সর্বোচ্চ ১০০০ শব্দ)। মাদক নিয়ন্ত্রণ পরিবারের ভূমিকা
২	‘খ’	৯ম, ১০ম শ্রেণীবাসমমানপর্যায়েরছাত্র-ছাত্রীদেরজন্য(সর্বোচ্চ ১৫০০ শব্দ)। মাদক মুক্ত সমাজ গড়ি, নতুন বাংলাদেশ বিনির্মাণ করি
৩	‘গ’	একাদশ, দ্বাদশ, স্নাতকবাসমমানপর্যায়েরছাত্র-ছাত্রীদেরজন্য (সর্বোচ্চ ২০০০ শব্দ)। একটি ন্যায়ভিত্তিক সমাজ গঠনে মাদকমুক্ত যুবসমাজের ভূমিকা

প্রতিযোগিতারনিয়মাবলী:

- ১। দিনাজপুর জেলার সকল স্কুল, কলেজ, মাদ্রাসার অগ্রহীছাত্র/ছাত্রীরগ্রুপ অনুসারে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণযোগ্য নয়।
- ৩। রচনার সাথে আলাদা কাগজে প্রতিযোগিরনাম, পিতা/অভিভাবকেরনাম, সদ্যতোলা ০২(দুই) কপিপাসপোর্ট সাইজের ছবি, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/ মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানেরনাম, অধ্যয়ণরত শ্রেণী, রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।
- ৫। খামের উপর রচনা প্রতিযোগিতা: “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস-২০২৫” এবং প্রতিযোগির গ্রুপ উল্লেখ করতে হবে।
- ৬। সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে আগামী ১৯ মে, ২০২৫ খ্রি.তারিখের মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুর বরাবর সরাসরি অথবা ডাকযোগে রচনা জমা দিতে হবে।

চিত্রাঙ্কন প্রতিযোগিতা

ক্র: নং:	শ্রেণি	সময়	২০২৫ সালের জন্য বিষয়বস্তু
১	‘ক’	২০ মে ২০২৫ মে বিকাল ৪.০০ ঘটিকা	১ম-৩য় শ্রেণিবাসমমান দেশকে ভালবাসি, মাদককে ‘না’ বলি
২	‘খ’	২০ মে ২০২৫ মে বিকাল ৪.০০ ঘটিকা	৪র্থ-৭ম শ্রেণিবাসমমান মাদকমুক্ত সুখীজীবন
৩	‘গ’	২০ মে ২০২৫ মে বিকাল ৪.০০ ঘটিকা	৮ম-১০ম শ্রেণিবাসমমান মাদকমুক্ত ভারুণ্য, নিরাপদ ভবিষ্যত
৪	‘ঘ’	২০ মে ২০২৫ মে বিকাল ৪.০০ ঘটিকা	বিশেষচাহিদাসম্পন্ন উন্মুক্ত

প্রতিযোগিতারনিয়মাবলী:

- ১। প্রতিযোগিকে স্বশরীরে বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুরে আগামী ২০ মে, ২০২৫ খ্রি. তারিখে উপস্থিত থেকে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
- ২। প্রতিযোগিকে চিত্রাঙ্কনের জন্য সকল প্রকার রংসহ অন্যান্য আনুসঙ্গিক জিনিসপত্র সঙ্গে আনতে হবে।
- ৩। চিত্রাঙ্কনের অপর পৃষ্ঠায় প্রতিযোগিরনাম, পিতা/অভিভাবকের নাম, সদ্যতোলা ০২(দুই) কপিপাসপোর্ট সাইজের ছবি,পত্র যোগাযোগেরঠিকানা,টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়ণরত শ্রেণী, রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। বাংলাদেশ শিশু একাডেমি হতে চিত্রাঙ্কনের জন্য প্রয়োজনীয় কাগজ সরবরাহ করা হবে।

বিদ্র: জেলা পর্যায়ে অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতায় প্রতিক্ষিপে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী কে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর কর্তৃক পুরস্কৃত করা হবে। এছাড়াও প্রতিটি গ্রুপের ‘প্রথম’ স্থান অধিকারীর রচনা ও অঙ্কিতচিত্র বিভাগীয় পর্যায়ে প্রেরণ করা হবে এবং বিভাগীয় পর্যায়ে প্রথম স্থানঅধিকারীদের রচনা, অঙ্কিতচিত্র জাতীয় পর্যায়ে প্রেরণ করা হবে।

প্রাপক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সাধারণ সম্পাদক

স্বাক্ষারিত স্বাক্ষরিত দিনাজপুর

০৮.৫.২৫
মুহ: আব্দুল ওয়াহেদ
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
দিনাজপুর।

অনুলিপি-সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুর।
- ২। পুলিশ সুপার, দিনাজপুর।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও সহ-সভাপতি, বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুর।